

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪১৬

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (كتاب الزهد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

باب

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا جَعْفُرُ بْنُ عَوْنِ، حَدَّثَنَا أَبُو الْعُمَيْسٍ، عَنْ عَوْنِ بْنِ أَبِي جُحَيْفَةَ، عَنْ أَبِيهِ، قَالَ آخَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنَ سَلْمَانَ وَبَيْنَ أَبِي الدَّرْدَاءِ فَزَارَ سَلْمَانُ أَبَا الدَّرْدَاءِ فَرَأَى أُمَّ الدَّرْدَاءِ مُتَبَذِّلَةً فَقَالَ مَا شَأْنُكَ مُتَبَذِّلَةً قَالَتْ إِنَّ أَخَاكَ أَبَا الدَّرْدَاءِ لَيْسَ لَهُ حَاجَةٌ فِي الدُّنْيَا . قَالَ فَلَمَّا جَاءَ أَبُو الدَّرْدَاءِ قَرَبَ إِلَيْهِ طَعَامًا فَقَالَ كُلُّ فَإِنِّي صَائِمٌ . قَالَ مَا أَنَا بِآكِلٍ حَتَّى تَأْكُلَ . قَالَ فَأَكَلَ فَلَمَّا كَانَ اللَّيْلُ ذَهَبَ أَبُو الدَّرْدَاءِ لِيَقُومَ فَقَالَ لَهُ سَلْمَانُ نَمْ . فَنَامَ ثُمَّ ذَهَبَ يَقُومُ فَقَالَ لَهُ نَمْ . فَنَامَ فَلَمَّا كَانَ عِنْدَ الصُّبْحِ قَالَ لَهُ سَلْمَانُ قُمِ الآنَ فَقَامَ فَصَلَّى فَقَالَ إِنَّ لِنَفْسِكَ عَلَيْكَ حَقًا وَلِرَبِّكَ عَلَيْكَ حَقًا وَلِضَيْفِكَ عَلَيْكَ حَقًا وَإِنَّ لِأَهْلِكَ عَلَيْكَ حَقًا فَأَعْطِ كُلَّ ذِي حَقٍّ حَقَّهُ . فَأَتَيَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَا ذَلِكَ فَقَالَ لَهُ " صَدَقَ سَلْমَانُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيحٌ . وَأَبُو الْعُمَيْسٍ اسْمُهُ عُتْبَةُ بْنُ عَبْدِ اللَّهِ وَهُوَ أَخُو عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ الْمَسْعُودِيِّ .

বাংলা

২৪১৬. মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) ..... আওন ইবন আবু জুহায়ফা তৎপিতা আবু জুহায়ফা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালমান এবং আবুদ-দারদা এর মাঝে ভাতৃত্ব সম্পর্ক পাতিয়ে দিয়েছিলেন। একদিন সালমান রাদিয়াল্লাহু আনহু আবুদ-দারদা রাদিয়াল্লাহু আনহু-এর সাক্ষাতে এসে উম্মু-দারদা রাদিয়াল্লাহু আনহা-কে সাধারণ বেশ-ভূষায় দেখতে পেয়ে বললেনঃ কি বিষয়, তুমি এমন নিরাভরণ সাধারণ বেশ ভূষায় কেন?

তিনি বললেনঃ আপনার আবুদ-দারদার তো দুনিয়ার কিছু দরকার নেই। উম্মুদ-দারদা রাদিয়াল্লাহু আনহা বললেনঃ

পরে যখন আবুদ-দারদা রাদিয়াল্লাহু আনহু এলেন তখন তিনি (সালমান-এর সামনে) খানা পেশ করে বললেনঃ আপনি খান, আমি তো রোয়াদার।

তিনি বললেনঃ আপনি না খেলে আমিও খাব না। রাবী বলেন, তখন আবুদ-দারদা রাদিয়াল্লাহু আনহুও খানায় শরীক হলেন। রাত্রি (একটু গভীর) হয়ে এলে আবুদ-দারদা (তাহাঙ্গুদের) সালাতে দাঁড়াতে গেলেন। সালমান রাদিয়াল্লাহু আনহু তাঁকে বললেনঃ ঘুমান। ফলে তিনি ঘুমালেন। কিন্তু পরে আবার সালাতের জন্য উঠতে গেলে সালমানি রাদিয়াল্লাহু আনহু তাঁকে বললেনঃ ঘুমান। ফলে তিনি আরো ঘুমালেন, শেষে সুবহে সাদিক ঘনিয়ে এলে সালমান রাদিয়াল্লাহু আনহু তাঁকে বললেনঃ এখন উঠুন।

অনন্তর তাঁরা উভয়ে উঠে সালাত (নামায) আদায় করলেন। এরপর সালমান রাদিয়াল্লাহু আনহু বললেনঃ আপনার উপর আপনার নিজেরও হক রয়েছে। আপনার উপর আপনার প্রভুরও হক রয়েছে। আপনার উপর আপনার মেহমানেরও হক রয়েছে। আপনার উপর আপনার স্ত্রীরও হক রয়েছে। সুতরাং প্রত্যেক হক ওয়ালার হক আদায় করে দিবেন। পরে তাঁরা উভয়ে নবী সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলেন এবং তাঁর নিকট উক্ত বিষয়টি উল্লেখ করেন। তখন তিনি বললেনঃ সালমান ঠিকই বলেছে। সহীহ, মুখতাসার বুখারি ৯৬৫, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪১৩ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি সহীহ। আবুল উমায়স (রহঃ) -এর নাম হল উত্বা ইবন আবদুল্লাহ। তিনি হলেন আবদুর রহমান ইবন আবদুল্লাহ মাসউদী (রহঃ) -এর ভাই।

## English

Ubu Juhaifah narrated from his father who said:  
"The Messenger of Allah (s.a.w) made a bond of brotherhood between Salman and Abu Ad-Darda. Salman went to visit Abu Ad-Darda, and saw Umm Ad-Darda wearing shabby clothes, So he said: 'Why are you wearing such shabby clothes?' She said: 'Your brother Abu Ad-Darda has no interest in the world.' So when Abu Ad-Darda arrived, he prepared some food for him (Salman) and said: 'Eat, for I am fasting.' He said: 'I shall not eat until you eat.'" He said: "So he ate. When night came Abu Ad-Darda started to leave and stand (in prayer), but Salman said to him: 'Sleep.' So he slept. Then he went to stand (in prayer) but he said to him: 'Sleep'. So he slept. When the morning (Fajr) came, Salman said: 'Get up now.' So he got up to perform Salat. Then he (Salman) said: 'Indeed your self has a right upon you, your Lord has a right upon you, your guest has a right upon you, and your family has a right upon you. So give each the right they are due. The Prophet (s.a.w), and that was mentioned to him, so he said: 'Salman has told the truth.'"

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আওন ইবনু আবু জুহাইফাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37770>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন